সংবাদ প্রতিদিন

১৭ ভাদ্র ১৪৩১ মঙ্গলবার ৩ সেপ্টেম্বর ২০২৪

## St. Xavier's University

# সফলতার চাবিকাঠি, এবার চাকরিজীবীদের জন্য এক্সিকিউটিভ এমবিএ আনল সেন্ট জেভিয়ার্স

কী বৈশিষ্ট্য এই কোর্সের?




**সংবাদ প্রতিদিন ডিজিটাল ডেস্ক:** নতুন মাইলফলক তৈরি করল কলকাতার সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয় (St. Xavier's University) । এবার থেকে ২ বছরের এক্সিকিউটিভ এমবিএ পড়ানো হবে এখানে। বিশ্বমানের এই শিক্ষা প্রতিষ্ঠানে এই নতুন ডিগ্রির পঠনপাঠনের কথা বলার সময় স্বাভাবিক ভাবেই উচ্ছ্বাস প্রকাশ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য রেভারেন্ড জন ফেলিক্স রাজ।

সম্প্রতি এক অনুষ্ঠানের মাধ্যমে সূচনা হয় এক্সিকিউটিভ এমবিএ কোর্সের। সেখানে ফেলিক্স রাজ ছাড়া উপস্থিত ছিলেন রেজিস্ট্রার অধ্যাপক আশিস মিত্র, জেভিয়ার বিজনেস স্কুলের ডিন সীতাংশু খাটুয়া প্রমুখ।

২ বছরের এই কোর্সটি মূলত পেশাদারদের জন্য। চাকরি করার সঙ্গে সঙ্গে নির্দিষ্ট কর্মক্ষেত্রে উন্নতিতেই সাহায্য করবে এই নয়া কোর্স। আর সেই কারণেই শনিবার ও রবিবারই ক্লাস করানো হবে। পড়াবেন জেভিয়ার বিজনেস স্কুলের ফ্যাকাল্টি ও ম্যানেজমেন্ট দুনিয়ার তাবড় শিক্ষকরা।

https://www.sangbadpratidin.in/career/st-xaviers-university-announces-commencement-of-2-year-executive-mba/